

ঝিকরগাছা উপজেলা পরিষদ
ঝিকরগাছা, যশোর

স্মারক নং: ৪৪.০৩.৪১২৩.০০৭.০৮.২৩.২৫- ২৫০

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক শ্রাযী কমিটির সাধারণ সভার কার্যবিবরণী:

সভার তারিখ : ১৫.০৯.২০২৫ খ্রি.

সময় : সকাল ১০:৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, ঝিকরগাছা, যশোর

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী আলোচনাপূর্বক কোনবুপ সংশোধনী না থাকায় তা নিশ্চিত বরা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনার সারসংক্ষেপ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত:	অপরাধ বিবরণী পর্যালোচনায় অফিসার ইনচার্জ জানান ঝিকরগাছা উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এছাড়াও তিনি আরও উল্লেখ করেন আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে। অপরাধের স্থানসমূহ চিহ্নিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে বিভিন্ন স্থানে পুলিশ টহল জোরদার করতে হবে। এছাড়াও খুন, চাঁদাবাজি, চুরি-ডাকাতি ও ছিনতাই বন্ধসহ কোন অভিযোগের সুনির্দিষ্টতা থাকলে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সড়ক দুর্ঘটনার স্থানসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। একই সাথে রাস্তায় ফিটনেস ও লাইসেন্স বিহীন যানাহন চলাচল বন্ধের আইনগত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি উপজেলার আইন শৃঙ্খলা রক্ষার নিমিত্তে সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করেন। উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা জানান আসন্ন শারদীয় দুর্গা পূজা উপলক্ষ্যে পূজা মন্ডপের আইন শৃঙ্খলা রক্ষায় আনসার ও ডিডিপি সদস্য মোতায়েনের প্রস্তুতি	১। সার্বক্ষণিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আইন-শৃঙ্খলার সাথে সংশ্লিষ্ট সবাই তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। কিশোর গ্যাং প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টি করে সংশ্লিষ্ট সকলের মাধ্যমে তাদের মা, বাবাবাউ ডিডাবকদের অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। সরকার নির্ধারিত মূল্যে পণ্যসামগ্রী বিক্রিসহ সরকারি নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে নিয়মিত বাজার তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৪। পৌর সভায় ট্রাফিক ব্যবস্থা জোরদার করার মাধ্যমে যানজট মুক্তকরণসহ উপজেলা পর্যায়ে যানজট নিরসনে	১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এগ্রিকাল্টিস্ট ম্যাজিস্ট্রেট ঝিকরগাছা, যশোর। ২. অফিসার-ইন-চার্জ, ঝিকরগাছা থানা/নান্দারন হাইওয়ে থানা। ৩. উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।

		চলমান রয়েছে। তিনি আরও বলেন আনসার ও ডিডিপি সদর দপ্তর কর্তৃক প্রাপ্ত সর্বশেষ নির্দেশনা অনুসারে মোতামেন সম্পন্ন করা হবে।	পরিকল্পনা প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৫। ঝিকরগাছা বাজারের রাস্তার পাশের ফুটপাথ দখলমুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
২	ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত	উপজেলা নির্বাহী কর্মকর্তা সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসকদের সভাপতিত্বে নিজ নিজ ইউনিয়ন পরিষদে আসন্ন শারদীয় দুর্গা পুজার প্রভুতিমূলক সভা করে তার কার্যবিবরণী আবশ্যিকভাবে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করেন।	১. ইউনিয়ন পরিষদের মাসিক আইন শৃঙ্খলা সভা করে তার কার্যবিবরণী আবশ্যিকভাবে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ ও আইন শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অফিসার-ইন-চার্জ, ঝিকরগাছা থানা ২। চেয়ারম্যান/প্রশাসক (সকল), ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


ডুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ঝিকরগাছা, যশোর।
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি।

স্মারক নং: ৪৪.০৩.৪১২৩.০০৭.০৮.২৩.২৫- ১৮০

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ঝিকরগাছা, যশোর।
- ২। প্রশাসক, ঝিকরগাছা পৌরসভা, যশোর।
- ৩। অফিসার ইন-চার্জ, ঝিকরগাছা থানা/ নাভারণ হাইওয়ে থানা, ঝিকরগাছা, যশোর।
- ৪। উপজেলা..... অফিসার, ঝিকরগাছা, যশোর।
- ৫। প্রশাসক/চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা..... (সকল) ইউনিয়ন পরিষদ,
ঝিকরগাছা, যশোর
- ৬। অফিস কপি।


মো: আব্দুল খালেক
উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা
ঝিকরগাছা, যশোর।
ও
সদস্য সচিব
উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি।